

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৬৮৭

মোহনপুর, ১৬ নভেম্বর, ২০২৩

২১ নভেম্বর মোহনপুর পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব

মোহনপুর পুর পরিষদের অফিস প্রাঙ্গনে আগামী ২১ নভেম্বর মোহনপুর পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। এই উপলক্ষ্যে সম্প্রতি মোহনপুর পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় মোহনপুর পুর পরিষদের কাউন্সিলারগণ, মোহনপুর মহকুমার মহকুমাশাসক সুভাষ দত্ত, ডেপুটি সিইও বাপ্লাদিত্য রায়, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা ও ক্লাবের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২১ নভেম্বর মোহনপুর পুর পরিষদের অফিস প্রাঙ্গনে পুর পরিষদভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। যুব উৎসবে লোকসঙ্গীত ও লোকনৃত্য, গল্প লেখা, পোষ্টার লেখা, আবৃত্তি, ফটোগ্রাফি, বক্তৃতা, হস্তকারু শিল্প, বস্ত্র শিল্প, কৃষি পণ্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও অপ্রতিযোগিতা বিভাগে নেশামুক্ত ত্রিপুরা, এইডস নিয়ন্ত্রন, প্লাস্টিক বিরোধী অভিযান সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হবে। এই যুব উৎসবকে সুন্দর ও সফল করে তোলার জন্য একটি মূল কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*